


ঢাকা ওয়াসা


১০ ২০২৪-২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত কর্ম পরিকল্পনা।
২১ ক্যালকুলেশন শীট
৩১ প্রাক্কলন


বিষয়ঃ Repairing & maintenance of water line leakage & removal of Contaminated water from old PVC water line at Bihari camp area Section-11 in Mirpur under MODS Zone-10 Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন DMA -1008 এর মিরপুর সেকশন-১১ এর সুবিশাল এলাকার বিভিন্ন স্থানে বিভিন্ন ব্যাসের পিভিসি পানির লাইনের নেটওয়ার্ক রয়েছে। উল্লেখিত ডিএমএ কাজ সম্পন্ন হওয়ার পর উক্ত এলাকায় বসবাসরত বিহারী ক্যাম্পগুলো আন্দোলন করে এইচডিপিই নেটওয়ার্কের পাশাপাশি পুরাতন পিভিসি পানির লাইনের নেটওয়ার্ক সচল রাখতে বাধ্য করে। বর্তমানে উল্লেখিত ডিএমএ-১০০৮ এ নতুন ও পুরাতন দুটি পানির লাইন সচল রয়েছে। উক্ত নেটওয়ার্কে রাস্তার উপরে প্রায়ই সিটি কর্পোরেশন, রাজউকসহ বিভিন্ন সময়ে বিভিন্ন সংস্থা কর্তৃক রাস্তা কাটার সময় পানির লাইনে প্রায়ই লিকেজ করে রাখে। তাছাড়া এলাকার লোকবল পানির লাইন যত্রতত্র নিয়ে লিকেজ করে রেখে দেয়। উক্ত লিকেজের ফলে ক্ষতিগ্রস্ত লাইন দিয়ে প্রচুর পানি বেরিয়ে পানির অপচয় হয়। তাৎক্ষণিক ভাবে বিভিন্ন স্লইচ ভাঙ্গ বন্ধ করে পানি অপচয় রোধ করা হলেও এলাকায় পানি সরবরাহে বিঘ্ন ঘটে। এছাড়া সিস্টেমে বিদ্যমান প্রেসারে সার্ভিস লাইন ও বিভিন্ন ডিএমএ এ্যাসেটে লিকেজ দেখা দেয়। লিকেজের অভিযোগ পাওয়ার পর তৎক্ষণাত সমাধান করার চেষ্টা করা হলেও অভিযোগের পরিমাণ অত্যধিক এবং তা বড় আকারের হওয়ায় এলাকায় লিকেজের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এই পরিস্থিতি হতে উত্তরণ এবং ঢাকা ওয়াসার সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে বিদ্যমান লিকেজগুলি মেরামত করা একান্ত প্রয়োজন। কাজটি করার লক্ষ্যে পিডব্লিউডি-২০২২, ঢাকা ওয়াসা রেইট সিডিউল এবং পূর্বানুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুত প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাড়িয়েছে ট- ৪,৯৮,১২১.৮৫৯/- (চার লক্ষ আটানব্বই হাজার একশত একুশ দশমিক আট পাঁচ নয়) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "Water Line Maintenance" খাতের সিরিয়াল নং-৪৫ এর প্যাকেজ নং PW-৩৮ হতে নির্বাহের জন্য HOPE কর্তৃক অনুমোদিত হয়েছে।


০২। এমতাবস্থায়, LeakaRepairing & maintenance of water line leakage & removal of Contaminated water from old PVC water line at Bihari camp area Section-11 in Mirpur under MODS Zone-10 Dhaka WASA কাজের প্রাক্কলিত ট- ৪,৯৮,১২১.৮৫৯/- (চার লক্ষ আটানব্বই হাজার একশত একুশ দশমিক আট পাঁচ নয়) টাকার কাজটি করতে আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন সহ পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর ৬৩(১) বিধি মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



মোস্তাফিজ বিল্লাহ অসলমগীর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০, ঢাকা ওয়াসা।


Md. Asaduzzaman
Assistant Engineer
MODS Zone-10
Dhaka WASA


মোঃ এরশাদুল হক
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০, ঢাকা ওয়াসা।


২০/০৮/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

০৩। 
২০/০৮/২৫

০৪। 
২০/০৮/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা